

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫২০

১/ বিবিধ

আরবী

من أحياء ليلة الفطر وليلة الأضحى، لم يمت قلبه يوم تموت القلوب
موضوع

قال في "المجمع" (2 / 198) : " رواه الطبراني في "الكبير" و"الأوسط" عن عبادة بن الصامت، وفيه عمر بن هارون البلخي، والغالب عليه الضعف، وأثنى عليه ابن مهدي وغيره ولكن ضعفه جماعة كثيرة". قلت: ابن مهدي له فيه قول آخر معاكس لهذا وهو: "لم يكن له عندي قيمة!"
وقد قال فيه ابن معين وصالح جزرة: "كذاب". وكذا قال ابن الجوزي في "الموضوعات" (2 / 142) وساق له حديثا اتهمه بوضعه. وقال ابن حبان (2 / 91) : "كان ممن يروي عن الثقات المعضلات، ويدعي شيوخا لم يرههم". فالرجل ساقط متهم، وقد مضى له بعض الأحاديث الموضوعية، فانظر الأرقام (240 و288 و455) وما يأتي برقم (523) وروي الحديث من طريق أخرى بلفظ (الاتي)

বাংলা

৫২০। যে ব্যক্তি ঈদুল ফিতর এবং ঈদুল আযহার রাতে (ইবাদাতের উদ্দেশ্যে) জাগ্রত থাকবে, সে ব্যক্তির হৃদয় ঐদিন মৃত্যু বরণ করবে না যেদিন অন্য হৃদয়গুলো মৃত্যু বরণ করবে।

হাদীছটি জাল।

হয়ছামী "আল-মাজমা" (২/১৯৮) গ্রন্থে বলেছেনঃ হাদীছটি তাবারানী "আল-মুজামুল কাবীর" এবং "আল-

আওসাত” গ্রন্থে ওবাদাহ ইবনু সামেত হতে বর্ণনা করেছেন। এটির সনদে উমার ইবনু হারুণ রয়েছে, তিনি দুর্বল। ইবনু মাহদী ও অন্য বিদ্বানগণ তার প্রশংসা করেছেন। কিন্তু তাকে অধিকাংশরাই দুর্বল আখ্যা দিয়েছেন। ইবনু মাহদী হতে উল্টা মন্তব্যও এসেছে। যার জন্য তার উক্তির আমার নিকট কোন মূল্য নেই। তার সম্পর্কে ইবনু মাজিন এবং সালেহ জাযারাহ বলেছেনঃ তিনি মিথ্যুক। ইবনুল জাওয়ী “আল-মাওয়ু’আত” (২/১৪২) গ্রন্থে অনুরূপ কথাই বলেছেন। অতঃপর তার একটি হাদীছ উল্লেখ করে তাকে জাল করার দোষে দোষী করেছেন।

আর ইবনু হিব্বান (২/৯১) বলেছেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে মু’যাল হাদীছ বর্ণনা করতেন এবং তাদেরকে নিজের শাইখ হিসাবে দাবী করতেন অথচ তিনি তাদেরকে দেখেননি। এ ব্যক্তি মিথ্যার দোষে দোষী। পূর্বেও তার কতিপয় হাদীছ গেছে যেমন (২৪০, ২৮৮ ও ৪৫৫)। আলোচ্য হাদীছটি অন্য সূত্রে নিম্নের বাক্যে বর্ণিত হয়েছে (দেখুন পরের হাদীস)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71399>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন